



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট, নৈতিকতা কমিটি।
সভার তারিখ	১১-০৬-২০২০ ইং
সভার সময়	সকাল ১০ঃ০০ ঘটিকা
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনি কনফারেন্স রুম
উপস্থিতি	ক) জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সদস্য-সচিব, নৈতিকতা কমিটি খ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব), সদস্য, নৈতিকতা কমিটি।

২. আলোচনাঃ


২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভার সূচনা বক্তব্যে তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থ বছরের তৃতীয় কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভায় কমিটির সদস্য-সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জানান যে অত্র অফিসের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থ বছরের তৃতীয় কোয়ার্টারে বাস্তবায়নের অগ্রগতি সন্তোষজনক। তারপর সভাপতি অত্র অফিসের চতুর্থ কোয়ার্টারে কি কি বাস্তবায়ন করতে হবে সেই সম্পর্কে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন এবং বলেন যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থার টেলিফোন নির্দেশিকা ২০১৯-২০২০ হালনাগাদকরণ, ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) অনুযায়ী সেবা প্রদান, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স , তথ্য অধিকার সেবাবক্স , অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা, শাখা-অধিশাখা পরিদর্শন, দূর্নীতি প্রতিরোধের স্লোগান সমৃদ্ধ প্ল্যাকার্ড বিতরণ করা, বিদ্যুৎ / জ্বালানি বিল নিয়মিত পরিশোধ, গাড়ীতে জ্বালানি তৈল ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরতে হবে। পরিশেষে, সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩. সিদ্ধান্তঃ

- ক) অত্র অফিসের কর্মকর্তা-কর্মচারীদের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- খ) অত্র অফিসের শাখা-অধিশাখা পরিদর্শন করে করে আগামি ২৫ জুন ২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করতে হবে।
- গ) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঘ) অত্র অফিসের সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স , তথ্য অধিকার সেবাবক্স , অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঙ) অত্র অফিসে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত stakeholders দেয় নিয়ে অংশীজনের অংশগ্রহণের সভার ব্যবস্থা গ্রহণ

করতে হবে।

৪. সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন
ইউনিট, নৈতিকতা কমিটি।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.৮৮

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৭
১১ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা ।
- ২) যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা ।



মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮.১২৬

তারিখ ২০ জ্যৈষ্ঠ ১৪২৭
০৩ জুন ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভার নোটিশ

হাইড্রোকার্বন ইউনিট-এর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা আগামী ১১-০৬-২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় অত্র দপ্তরের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

৩-৬-২০২০

মোঃ জাকির হোসেন
পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)
ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ২) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট